




WALTON

ব্যবহারবিধি \ ওয়ারেন্টি কার্ড
ওয়াশিং মেশিন



মডেল: WWM-AFV70

ধারণক্ষমতা: ৭ কেজি

ওয়ালটন ওয়াশিং মেশিন কেনার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ।

সহজ ও সাবলীল ভাষায় লেখা ব্যবহারবিধি আপনার ওয়াশিং মেশিনটি ভালোভাবে ব্যবহারের কাজে সর্বোত্তমভাবে সাহায্য করবে। ব্যবহারবিধিটির মধ্যে অনেক গুরুত্বপূর্ণ তথ্য এবং ওয়াশারটি কিভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে তা সরল ভাষায় লেখা আছে। এছাড়াও সাধারণ সমস্যাগুলো কিভাবে নিজে সমাধান করা যাবে সে সব তথ্যাবলি দেওয়া আছে। মডেল এবং সিরিয়াল নম্বরটি সংরক্ষণ করুন। নম্বরগুলো ইউনিটের পিছনের অংশে দেওয়া আছে।

ওয়াশিং মেশিনটি ব্যবহারের পূর্বে বিদ্রেশনাগুলো সর্তর্কতার সাথে পড়ুন এবং ভবিষ্যতে কাজের সুবিধার্থে ব্যবহারবিধিটি যত্নসহকারে সংরক্ষণ করুন।

সূচিপত্র

| | |
|--|-------|
| ১. নিরাপত্তা নির্দেশনাসমূহ | ১-৫ |
| ২. ওয়াশিং মেশিন বিবরণী ও টেকনিক্যাল স্পেসিফিকেশনস | ৬ |
| ৩. ওয়াশিং মেশিন ইনস্টলেশন | ৭-১০ |
| ৪. ওয়াশিং মেশিন পরিচালনা | ১১-২১ |
| ৫. প্রোগ্রাম পরিচিতি | ২২-২৩ |
| ৬. রক্ষণাবেক্ষণ | ২৩-২৬ |
| ৭. সমস্যা সমাধান | ২৬-২৮ |

১.১ নিরাপত্তা নির্দেশনাসমূহ

| | |
|--|--------------------------|
| অপারেটিং ভোল্টেজ/ফ্রিকোয়েন্সি | (V/Hz) (220-240) V~/50Hz |
| টোটাল কারেন্ট (A) | 10 |
| পানির চাপ (Mpa) | সর্বোচ্চ 1 Mpa / |
| টোটাল পাওয়ার (W) | 2100 |
| সর্বোচ্চ ওয়াশিং ক্যাপাসিটি (শুকনো কাপড়) (kg) | 7.0 |

- মেশিনটি এমনভাবে ইনস্টল করুন যেন এর নিচ দিয়ে বায়ু চলাচলে বিষ্ফল না ঘটে।
- নিরাপত্তার স্বার্থে কোনো অভিজ্ঞ ব্যক্তির তত্ত্বাবধান ও নির্দেশনা ছাড়া শারীরিক ও মানসিক সংবেদনশীল অথবা ভারসাম্যহীন ব্যক্তিদের মেশিনটি ব্যবহার করা সম্পূর্ণ নিষেধ।
- ঢ বছরের কম বয়সী শিশুদেরকে মেশিন থেকে দূরে রাখুন।
- পাওয়ার কর্ড অকার্যকর হয়ে গেলে নিকটস্থ অনুমোদিত সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।
- মেশিনটির সঙ্গে ওয়াটার ইনলেট হোসের সংযোগ দেওয়ার সময় শুধুমাত্র মেশিনের সঙ্গে প্রদত্ত নতুন ইনলেট হোসটিই ব্যবহার করুন। কখনোই পুরোনো, ব্যবহৃত ইনলেট হোস ব্যবহার করবেন না।
- শিশুদেরকে মেশিনটি নিয়ে খেলতে দিবেন না। যথাযথ তত্ত্বাবধান ব্যতীত শিশুদের দিয়ে মেশিনটি পরিষ্কার করাবেন না।
- **ম্যানুয়ালটি মনোযোগসহকারে পড়ুন।**

মেশিনটি শুধুমাত্র গৃহস্থালিতে ব্যবহারের জন্য। যেকোনো ধরণের বাণিজিক উদ্দেশ্যে ব্যবহার করলে ওয়াশিং মেশিনের ওয়ারেন্টি বাতিল বলে গণ্য হবে।





১.২ সাধারণ নিরাপত্তা সতর্কীকরণ:

- ওয়াশিং মেশিনটি পরিচালনার জন্য এর পারিপার্শ্বিক প্রয়োজনীয় তাপমাত্রা $15\text{--}25^{\circ}\text{ সে. থাকা উত্তম।}$
- ওয়াশিং মেশিনে কাপড় দেওয়ার আগে নিশ্চিত হোন যেন পোশাকের পকেটে অতিরিক্ত কোনো কিছু যেমন; সুই, কয়েন, লাইটার এ জাতীয় কিছু না থাকে।
- প্রথমবারের মতো ধোয়ার ক্ষেত্রে পরামর্শ হচ্ছে মেশিনে কাপড় না দিয়ে ডিটারজেন্ট ড্রয়ারের কম্পার্টমেন্টে উপযুক্ত ডিটারজেন্ট দিয়ে অর্ধেক পূর্ণ করে 90° কটন প্রোগ্রাম সিলেক্ট করুন।
- ডিটারজেন্ট অথবা সফটনার মেশিনে দীর্ঘদিনের জন্য রেখে দিবেন না। শুধুমাত্র প্রত্যেকবার ধোয়ার পূর্বে ডিটারজেন্ট অথবা সফটনার দিন।
- দীর্ঘদিন ওয়াশিং মেশিনটি অব্যবহৃত রাখলে মেশিনটির বৈদ্যুতিক ও পানির সংযোগ বিচ্ছিন্ন করে রাখুন।
- উৎপাদনকালে মেশিনটির গুণগতমান পরীক্ষা করার কারণে মেশিনটিতে কিছু পানি থেকে যেতে পারে যা মেশিনটি পরিচালনার ক্ষেত্রে কোনো সমস্যার সৃষ্টি করবে না।
- মেশিনটির প্যাকেজিং ও ছোট ছোট উপকরণগুলো শিশুদের জন্য ক্ষতিকর হতে পারে। শিশুরা যেন সেগুলো নিয়ে খেলাধূলা না করে সেদিকে খেয়াল রাখতে হবে।
- প্যাকেজিং উপকরণগুলো শিশুদের নাগালের বাইরে রাখুন অথবা সেগুলো যথাযথভাবে ধ্বংস করে ফেলুন।
- মেশিনটি চলমান অবস্থায় কখনোই ডিটারজেন্ট ড্রয়ার খুলবেন না।
- মেশিনটিতে হঠাত সমস্যা দেখা দিলে মেশিনের বৈদ্যুতিক ও পানির সংযোগ বিচ্ছিন্ন করে দিন। কখনোই নিজে থেকে মেরামত করবেন না। সব সময় একজন অনুমোদিত সার্ভিস এজেন্টের সাথে যোগাযোগ করুন।

- নির্বাচিত ওয়াশিং পোগ্যামের সর্বোচ্চ লোড অতিক্রম করবেন না।
 - ওয়াশিং মেশিন চলমান অবস্থায় কখনো ডোর খুলবেন না।
 - ওয়াশিং মেশিনে ফেত্রিক কন্ডিশনার ব্যবহার করতে ইচ্ছা করলে ম্যানুফ্যাকচারের নির্দেশনাবলি পড়ুন।
 - নিশ্চিত হোন যে ওয়াশিং মেশিনের ডোরটি জ্যাম নয় এবং তা পুরোপুরি খোলা যায়।
 - ওয়াশিং মেশিনটি এমন জায়গায় রাখুন যেখানে পরিপূর্ণ বায়ু চলাচলের সুবিধা আছে।
 - এই সর্তর্কতামূলক নির্দেশনাবলি পড়ুন। আপনাকে এবং অন্যদেরকে ঝুঁকি ও মারাত্মক ক্ষতি হওয়া থেকে রক্ষা করতে যে উপদেশগুলো দেওয়া হয়েছে সেগুলো অনুসরণ করুন।
 - ওয়াশিং মেশিনটি চলমান অবস্থায় ড্রেইন হোস অথবা নিষ্কাশিত পানি স্পর্শ করা থেকে বিরত থাকুন।
- উচ্চ তাপ থেকে পুড়ে যাওয়ার ঝুঁকি রয়েছে।

১.৩ বিদ্যুৎ প্রবাহ দ্বারা মৃত্যু ঝুঁকি

- কোনো এক্সেনশন লিডের মাধ্যমে ওয়াশিং মেশিনটি মেইন বিদ্যুৎ সংযোগের সঙ্গে সংযুক্ত করবেন না।
- সকেটে কোনো ক্ষতিগ্রস্ত প্লাগ প্রবেশ করাবেন না।
- কর্ড ধরে টেনে কখনো প্লাগ খুলবেন না। সর্বদাই প্লাগ ধরে খুলে ফেলতে হবে।
- ভেজা হাত দিয়ে কখনো পাওয়ার কর্ড অথবা প্লাগ স্পর্শ করবেন না। তাতে ইলেক্ট্রিক শর্ট সার্কিট হওয়া অথবা শক লাগার সম্ভাবনা থাকে।
- হাত-পা ভেজা থাকলে ওয়াশিং মেশিন স্পর্শ করা থেকে বিরত থাকুন।
- ক্ষতিগ্রস্ত পাওয়ার কর্ড/প্লাগ আগুন অথবা ইলেক্ট্রিক শকের সৃষ্টি করতে পারে। পাওয়ার কর্ড/প্লাগ ক্ষতিগ্রস্ত হলে যোগ্যতাসম্পন্ন ব্যক্তি দ্বারা তা পরিবর্তন করিয়ে নিন।



১.৪ অত্যধিক পানি বের হওয়ার ঝুঁকি

- ড্রেইন হোসটি সিঙ্কে স্থাপন করার পূর্বে পানি প্রবাহের গতি পরীক্ষা করে নিন।
- হোসটি যেন পিছলে না যায় তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিন।
- ওয়াটার হোসটি যদি যথাযথভাবে লাগানো না হয় তাহলে পানি প্রবাহ হোসটিকে সেটির স্থান থেকে সরিয়ে দিতে পারে। নিশ্চিত হোন যেন সিঙ্কে লাগানো প্লাগটি হোসের ছিদ্রকে বন্ধ করে না দেয়।

১.৫ অগ্নিকান্ডের ঝুঁকি

- তরল দাহ্য পদার্থ মেশিনটির পাশে রাখবেন না।
- পেইন্ট রিমুভারের সালফার উপাদানটি ক্ষয়ের সৃষ্টি করতে পারে। মেশিনে কখনোই পেইন্ট রিমুভার ব্যবহার করবেন না।
- দ্রাবক জাতীয় পদার্থ যাতে রয়েছে এমন কোনো কিছু মেশিনে ব্যবহার করবেন না।

১.৬ আঘাতপ্রাণ্ত হওয়ার ঝুঁকি

- ওয়াশিং মেশিনটির উপরে উঠে বসবেন না।
- হোস এবং ক্যাবলগুলো যেন ক্রটিপূর্ণ না হয় তা নিশ্চিত করুন।
- ওয়াশিং মেশিনটিকে উল্টো করবেন না অথবা এক দিকে কাত করবেন না।
- ডোর অথবা ডিটারজেন্ট ড্রয়ার ধরে মেশিনটি উঁচু করবেন না।
- মেশিনটি অন্ততপক্ষে দুইজন ব্যক্তি দ্বারা বহন করাতে হবে।

১.৭ শিশু সুরক্ষা

- শিশুদেরকে মেশিনের আশেপাশে একা ছেড়ে দিবেন না। খেলার ছলে শিশুরা মেশিনের ভেতর নিজেদেরকে বন্দি করে ফেলতে পারে যা মৃত্যু ঝুঁকি নিয়ে আসতে পারে।
- শিশুদেরকে মেশিনটি চলমান থাকা অবস্থায় মেশিনের ডোর স্পর্শ করতে দিবেন না। ডোরটি উত্তপ্ত থাকে যার ফলে ত্তকের ক্ষতি করতে পারে।
- ডিটারজেন্ট ও পরিষ্কারক শিশুদের থেকে দূরে রাখুন কারণ সেগুলো ত্তকে লাগলে অথবা ঢোকে গেলে জ্বালাপোড়া করতে পারে।
- পোষা প্রাণীদের মেশিন থেকে দূরে রাখুন।
- মেশিনটি প্যাকেজিং থেকে বের করে প্যাকেজিং ও মেশিনটির বাইরের অংশ ভালো করে লক্ষ করুন। যদি মেশিনটির বাইরের অংশের কোথাও ক্ষতিগ্রস্ত অবস্থায় পাওয়া যায় তাহলে তা চালানো থেকে বিরত থাকুন।

- মেশিনটি অবশ্যই কোনো অনুমোদিত সার্ভিস এজেন্টের মাধ্যমে ইনস্টল করাতে হবে। অনুমোদিত নয় এমন কাউকে দিয়ে ইনস্টল করার ফলে যদি মেশিনটি ক্ষতিগ্রস্ত হয় তাহলে ওয়ারেন্টি প্রয়োজ্য হবে না।
- ওয়াশিং মেশিনে ধোয়া যায় শুধুমাত্র এমন কাপড়ই মেশিনে দিন।
- মেশিনটি ব্যবহার করার পূর্বে মেশিনের পেছন থেকে ট্রানজিট বোল্ট ও রাবার স্পেসারগুলো খুলে ফেলুন। যদি বোল্টগুলো না খুলে ফেলা হয় তাহলে সেগুলো কম্পন, উচ্চ শব্দ এবং মেশিনের অকার্যকারিতা সৃষ্টি করতে পারে।
- আগুন, পানি ও অন্যান্য মাধ্যম থেকে ক্ষতিগ্রস্ত হলে ওয়াশিং মেশিনটি ওয়ারেন্টির আওতাভুক্ত হবে না।
- অনুঘাত করে এই ব্যবহারবিধি বইটি ফেলে দিবেন না। এটি ভবিষ্যত প্রয়োজনের জন্য সংরক্ষণ করে রাখুন।

নোট: ক্রয়কৃত পণ্যের উপর নির্ভর করে পণ্যের স্পেসিফিকেশনগুলো ভিন্ন হতে পারে।

১.৮ প্যাকেজিং উপকরণগুলো খুলে ফেলা

প্যাকেজিং উপকরণগুলো মেশিনটি বহনকালে যেকোনো ধরনের ক্ষতি থেকে মেশিনটিকে রক্ষা করে।

প্যাকেজিং উপকরণগুলো পরিবেশবান্ধব কারণ সেগুলো রিসাইকেলযোগ্য। রিসাইকেলযোগ্য উপকরণের ব্যবহার কাঁচামালের খরচ এবং বর্জ্য উৎপাদনের পরিমাণ হ্রাস করে।

১.৯ মেশিনটিকে দীর্ঘদিন ব্যবহার করার স্বার্থে কিছু তথ্য

মেশিনটি থেকে সবচেয়ে কার্যকর সার্ভিস পেতে হলে নিচের বিষয়গুলো নিয়ে সচেষ্ট থাকুন।


- নির্বাচিত প্রোগ্রামের জন্য নির্ধারিত সর্বোচ্চ লোড অতিক্রম করবেন না। এই প্রক্রিয়াটি মেশিনকে এনার্জি সেভিং মোডে কাজ করাবে।

মেশিনটির যথাযথ নিষ্পত্তি



চিত্রটি দ্বারা বোঝা যায় যে পণ্যটি নিষ্পত্তিযোগ্য। অনিয়ন্ত্রিতভাবে বর্জ্য নিষ্কাশনের ফলে পরিবেশ ও মানব স্বাস্থ্যের সম্মত ক্ষতি এড়াতে পণ্যটি ব্যবহার অনুপযোগী হয়ে যাওয়ার পরে সঠিকভাবে নিষ্পত্তি করুন। নিষ্পত্তি করার সময় অবশ্যই স্থানীয় বর্জ্য ব্যবস্থাপনা নিয়ম অনুসরণ করুন।

২. ওয়াশিং মেশিন বিবরণী




২.২ টেকনিক্যাল স্পেসিফিকেশনস

| | |
|--|---|
| অপারেটিং ভোটেজ/ফ্রিকোয়েন্সি (V/Hz) | (220-240) V~/50 Hz |
| টোটাল কারেন্ট (A) | 10 |
| ওয়াটার প্রেসার (Mpa) | সর্বোচ্চ : 1 Mpa সর্বনিম্ন : 0.1 Mpa |
| টোটাল পাওয়ার (W) | 2100 |
| ম্যাক্রিমাম ড্রাই লাঞ্চ ক্যাপাসিটি (kg) | 7 |
| স্পিনিং রেভিউশন (rev/min) | 1200 |
| প্রোগ্রাম নম্বর | 15 |
| ডাইমেনশন (mm) | |
| উচ্চতা | 845 |
| প্রস্থ | 597 |
| গভীরতা | 527 |

২.১ সাধারণ অংশসমূহ


১. ইলেক্ট্রনিক ডিসপ্লি
২. প্রোগ্রাম ডায়াল
৩. আপার ট্রে
৪. ডিটারজেন্ট ড্রয়ার
৫. ড্রাম
৬. পাম্প ফিল্টার কভার
৭. ওয়াটার ইনলেট ভাল্ভ
৮. পাওয়ার ক্যাবল
৯. ডিসচার্জ হোস
১০. ট্রানজিট বোল্টস

৩.১ ট্রানজিট বোল্টস খুলে ফেলা




১. ওয়াশিং মেশিন অপারেটিং করার আগে, মেশিনের পিছন থেকে ৪টি ট্রানজিট বোল্টস এবং রাবার স্পেসারগুলি খুলে ফেলুন। যদি বোল্টগুলি সরানো না হয় তবে তারা ভারী কম্পন, শব্দ এবং মেশিনের ঝুঁটি ও অকার্যকরতা তৈরি করতে পারে যা ওয়ারেন্টি বাতিল করতে পারে।
 ২. একটি স্প্যানার দিয়ে ট্রানজিট বোল্টগুলোকে ঘড়ির কাটার বিপরীতে ঘুরিয়ে সেগুলো খুলে ফেলুন।
 ৩. ট্রানজিটগুলো সোজা বের করে আনুন।
 ৪. সরবরাহকৃত অ্যাক্সেসরিজ ব্যাগ থেকে প্লাস্টিক ব্ল্যাংকিং ক্যাপগুলো দিয়ে বোল্টের ছিদ্রগুলো বন্ধ করে দিন। ভবিষ্যতে ব্যবহারের জন্য ট্রানজিট বোল্টগুলো সংরক্ষণ করুন।
- নেট:** মেশিনটি প্রথমবার ব্যবহারের পূর্বেই ট্রানজিট বোল্টগুলো খুলে ফেলুন। ট্রানজিট বোল্ট থাকা অবস্থায় মেশিন ব্যবহার করা হলে এবং তার দ্বারা কোনো ক্ষতি হলে ওয়ারেন্টি সুবিধা দেওয়া হবে না।

৩.২ ওয়াশিং মেশিনের পায়াগুলো সমন্বিতকরণ




- মেশিনটি এমন কোথাও স্থাপন (যেমন, কার্পেটের উপর) করবেন না যেখানে মেশিনের নিচে বায়ু চলাচল বাধাগ্রস্ত হবে।
- শব্দহীন এবং কম্পনবিহীন মেশিন পরিচালনা নিশ্চিত করতে, আপনার মেশিনটি কোনো সমতল এবং দৃঢ় জায়গায় স্থাপন করুন।
- মেশিনের অ্যাডজাস্টেবল পায়াগুলো দ্বারা মেশিনটি স্থির অবস্থায় রাখা যাবে।
- প্লাস্টিকের লক নাটটি লুজ করে দিন।



- মেশিনের উচ্চতা বাড়াতে মেশিনের পায়াগুলো ঘড়ির কাটার দিকে ঘুরান। মেশিনের উচ্চতা কমাতে পায়াগুলো ঘড়ির কাটার বিপরীত দিকে ঘুরান।
- মেশিনটি স্থির হলে লকিং নাটগুলো ঘড়ির কাটার দিকে ঘুরিয়ে শক্ত করে নিন।
- মেশিনটির নিচে কার্ডবোর্ড, কাঠ অথবা অন্য কিছু দিয়ে স্থির করবেন না।
- যেখানে মেশিন রাখা আছে সেই জায়গা পরিষ্কার করার সময় খেয়াল রাখতে হবে যেন মেশিনের লেভেলিং এলোমেলো হয়ে না যায়।

৩.৩ ইলেক্ট্রিক্যাল কানেকশন




১. ওয়াশিং মেশিনটি পরিচালনার জন্য মেইন বিদ্যুৎ সরবরাহ ২২০-২৪০ ভো. ৫০ হার্জের প্রয়োজন।
২. ওয়াশিং মেশিনটির মেইন কর্ডে একটি প্লাগ সকেট রয়েছে।
৩. আপনার যদি একটি সামঞ্জস্যপূর্ণ সকেট এবং ফিউজ না থাকে, তাহলে একজন দক্ষ ইলেক্ট্রিশিয়ান দ্বারা তার ব্যবহৃত করে নিন।
৪. আর্থিং সংযোগহীন সরঞ্জামাদি ব্যবহারের ফলে সৃষ্টি ক্ষতির দায়ভার ওয়ালটন বহন করবে না।

নোট: লো-ভোল্টেজে মেশিনটি ব্যবহার করা হলে মেশিনটির কার্যক্ষমতা এবং দীর্ঘস্থায়িত্ব কমে যাবে।


৩.৪ ওয়াটার ইনলেট হোজ সংযোগ

১. আপনার মেশিনটিতে একটি ঠান্ডা পানির ইনলেট সংযোগ রয়েছে।




২. সংযোগস্থলের ছিদ্র প্রতিরোধ করতে, (আপনার মেশিনের বৈশিষ্ট্যের উপর নির্ভর করে) সরবরাহকৃত প্যাকেজিং-এ হোজের সঙ্গে ১টি অথবা ২টি নাট দেওয়া হয়। পানির লাইনের সঙ্গে যে ইনলেট হোজটি থাকে তার শেষ প্রান্তে এই নাটগুলো সংযুক্ত করুন।
৩. নতুন ওয়াটার ইনলেট হোজটি 3/8 ফ্রেডেড টেপ দিয়ে সংযুক্ত করুন।
৪. সাদা ক্যাপযুক্ত পানির ইনলেট হোজের শেষ প্রান্তটি মেশিনের পেছনে থাকা সাদা ইনলেট ভাল্টের সঙ্গে যুক্ত করুন।
৫. সংযোগগুলো হাত দিয়ে শক্ত করে দিন। কোনো সমস্যা হলে একজন দক্ষ প্লাষারের সাহায্য নিন।

৬. ০.১-১ মেগা প্যাসকেল চাপের পানি প্রবাহ মেশিনটির সর্বোচ্চ কার্যদক্ষতা প্রদান করতে সাহায্য করবে।
৭. সকল সংযোগ নিশ্চিত করার পরে, সাবধানে পানির সংযোগটি চালু করে দিন এবং কোনো ছিদ্র আছে কিনা পরীক্ষা করুন।
৮. নতুন ওয়াটার ইনলেট হোজটি যেন বাকানো বা পঁয়াচানো অবস্থায় না থাকে সেটি নিশ্চিত করুন।



নোট: আপনার ওয়াশিং মেশিনটি শুধুমাত্র সরবরাহকৃত নতুন হোজটির মাধ্যমে পানির লাইনের সাথে সংযুক্ত করুন। পুরাতন হোজ ব্যবহার করবেন না।


৩.৫ ওয়াটার ডিসচার্জ কানেকশন



১. পানি নির্গমনের হোজটি অতিরিক্ত কোনো যন্ত্রের সাহায্যে স্ট্যান্ডপাইপ অথবা ঘরের সিংকের আউটলেট এলাবোর সাথে সংযুক্ত করুন।
২. পানি নির্গমন হোজটি কখনোই প্রসারিত করার চেষ্টা করবেন না।
৩. মেশিন থেকে পানি নির্গমন হোজটি একটি কনটেইনার, বালতি অথবা বাথটাবে রাখবেন না।
৪. পানি নির্গমন হোজটি বাঁকানো, সংকুচিত অথবা প্রসারিত হয়ে যায়নি সেটি নিশ্চিত করুন।
৫. পানি নির্গমন হোজটি অবশ্যই মাটি থেকে সর্বোচ্চ ১০০ সে.মি. উচ্চতায় ইনস্টল করতে হবে।



৮. কন্ট্রোল প্যানেল

১. ডিটারজেন্ট ড্রয়ার
২. প্রোগ্রাম ডায়াল
৩. ইলেক্ট্রনিক ডিসপ্লে এবং অন্যান্য ফাংশনসমূহ



৮.১ ডিটারজেন্ট ড্রয়ার

১. লিকুইড ডিটারজেন্ট ড্রয়ার
২. মেইন ওয়াশ ডিটারজেন্ট কম্পার্টমেন্ট
৩. সফটনার কম্পার্টমেন্ট
৪. প্রি-ওয়াশ ডিটারজেন্ট কম্পার্টমেন্ট
৫. পাউডার ডিটারজেন্ট লেভেলস






৮.২ সেকশনস

মেইন ওয়াশ ডিটারজেন্ট কম্পার্টমেন্ট:

এই কম্পার্টমেন্টটি লিকুইড অথবা পাউডার ডিটারজেন্ট অথবা লাইমক্ষেল রিমুভারের জন্য। মেশিনের তেতরে তরল ডিটারজেন্ট লেভেল প্লেট সরবরাহ করা হবে। (*)

ফেরিক কভিশনার, ডিটারজেন্ট কম্পার্টমেন্ট:

এই কম্পার্টমেন্টটি সফটনার এবং কভিশনারের জন্য। প্যাকেজিং এর উপর থাকা নির্দেশনাসমূহ অনুসরণ করুন। যদি ব্যবহারের পরে সফটনারের অবশিষ্টাংশ থাকে, সেগুলো দ্রবীভূত করার চেষ্টা করুন অথবা লিকুইড সফটনার ব্যবহার করুন।




প্রি-ওয়াশ ডিটারজেন্ট কম্পার্টমেন্ট:

যখন প্রি-ওয়াশ কটন সিলেন্ট করা হবে শুধুমাত্র তখনই এই কম্পার্টমেন্টটি ব্যবহার করা উচিত। আমরা সুপারিশ করবো যে প্রি-ওয়াশ ফিচারটি শুধুমাত্র অতিরিক্ত ময়লা কাপড় ধোয়ার ক্ষেত্রেই ব্যবহার করুন।


৪.৩ প্রোগ্রাম ডায়াল

- প্রোগ্রাম ডায়ালটি ঘড়ির কাটার দিকে অথবা বিপরীত দিকে ঘুরিয়ে ঘুরিয়ে কাঞ্চিত প্রোগ্রামটি সিলেক্ট করুন।
- আপনি যে প্রোগ্রামটিতে কাজ করতে চান প্রোগ্রাম ডায়ালে নির্দেশিত মার্কারটি যেন ঠিক সেই প্রোগ্রামেই থাকে সেটি নিশ্চিত করুন।



৪.৪ ইলেক্ট্রনিক ডিসপ্লে

- Temp.
- স্পিন স্পিড অ্যাডজাস্টমেন্ট বাটন
- Delay
- Anti-allergic
- Start/Pause
- Anti-allergic ডিসপ্লে
- Functions ডিসপ্লে
- ওয়াশ লেভেল ডিসপ্লে
- ইলেক্ট্রনিক ডিসপ্লে
- ডিজিটাল ডিসপ্লে



ডিসপ্লে প্যানেলে ওয়াশিং ডিলে টাইমার(যদি সেট করা থাকে), টেম্পারেচার নির্বাচন, নির্বাচিত অন্য যে কোনো অতিরিক্ত ফাংশন এবং বর্তমানে পরিচালিত প্রোগ্রামের অবস্থা প্রদর্শিত হয়। (→ wash, → rinsing, → spinning).

নির্বাচিত প্রোগ্রাম শেষ হলে ডিসপ্লে প্যানেলে 'End' প্রদর্শিত হয়। মেশিনে কোনো সমস্যা হলেও ডিসপ্লে প্যানেলে তা প্রদর্শিত হয়।

৫. ওয়াশিং মেশিন ব্যবহার

৫.১ কাপড় প্রস্তুতকরণ

১. কাপড়ের লেবেলে দেওয়া নির্দেশনাগুলো অনুসরণ করুন।
২. কাপড়ের ধরন অনুযায়ী কাপড়গুলো আলাদা করুন (সুতি, সিনথেটিক, সেনসেচিভ, উল ইত্যাদি), পানির তাপমাত্রা ($ঠাত্তা, 30^{\circ}, 40^{\circ}, 60^{\circ}, 90^{\circ}$) এবং কাপড়ের ময়লার মাত্রা (সামান্য ময়লা, ময়লা, অনেক বেশি ময়লা)।
৩. কখনোই সাদা এবং রঙিন কাপড় একত্রে ধোয়া যাবে না।
৪. কালো কাপড়ে অতিরিক্ত রঙ থাকতে পারে তাই সেগুলো আলাদা ধোয়া উচিত।
৫. কাপড়ে অথবা পকেটে কোনো ধাতব বস্তু নেই তা নিশ্চিত করুন।


সর্তর্কতা: বাইরের কোনো উপাদান ব্যবহারের ফলে ওয়াশিং মেশিনের ক্ষতি হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৬. ওয়াশিং মেশিনে কাপড় দেওয়ার পূর্বে কাপড়ে জিপার আটকিয়ে দিন।

৭. ধাতব অথবা প্লাস্টিকের বাটন থাকলে তা খুলে ফেলুন অথবা কাপড়ে পেঁচিয়ে দিন।


৮. প্যান্ট, নিটওয়্যার, টি-শার্ট অথবা সোয়েটার উলিয়ে দিন।

৯. মোজা, রুমাল ইত্যাদি ছেট আইটেমগুলো একটি ওয়াশিং নেটে দিয়ে মেশিনে দিন।



| | | |
|---|---|---|
| | | |
| Can be bleached | Do not bleach | Normal washing |
| | | |
| Maximum ironing temperature 150°C | Maximum ironing temperature 200°C | Do not iron |
| | | |
| Can be dry cleaned | No dry cleaning | Dry flat |
| | | |
| Drip dry | Hang to dry | Do not tumble dry |
| | | |
| Dry cleaning in gas oil, pure alcohol and R113 is allowed | Perchloroethylene R11, R13, Petroleum | Perchlorinetylene R11, R13, Gas oil |

ওয়াশিং মেশিন পরিচালনা




নোট: লক্ষ রাখুন, ড্রামের ধারণক্ষমতার বেশি কাপড় মেশিনে দেওয়া যাবে না। এতে করে কাপড় ঘথায়স্থভাবে পরিষ্কার হবে না এবং কাপড়ে ভাঁজ হওয়ার সম্ভাবনা থাকবে। ধারণক্ষমতার সারণিটি ভালো করে পড়ুন।

নিচের টেবিলটি সাধারণ লন্ত্র আইটেমগুলোর আনুমানিক ওজন দেখায়:

| লন্ত্র টাইপ | ওজন (গ্রাম) |
|-----------------------|-------------|
| টাওয়েল | ২০০ |
| লিনেন | ৫০০ |
| বাথরোব | ১২০০ |
| কাঁথা/লেপ/তোশকের কভার | ৭০০ |
| বালিশের কভার | ২০০ |
| আভারওয়্যার | ১০০ |
| টেবিলক্রোথ | ২৫০ |

১. প্রতিটি আইটেম আলাদা আলাদা করে মেশিনে দিন।
২. লক্ষ রাখুন যেন কাপড় রাবার সিল ও ডোরের মাঝে আটকে না থাকে।
৩. ডোরটি আস্তে লাগান।
নিশ্চিত হোন যে ডোরটি সম্পূর্ণভাবে আটকানো হয়েছে তা না হলে প্রোগ্রাম স্টার্ট হবে না।



৫.২ মেশিনে ডিটারজেন্ট দেওয়া


মেশিনে যে পরিমাণ ডিটারজেন্ট দিতে হবে তা নিচের বিষয়গুলোর উপর নির্ভর করে:

১. অটোমেটিক ওয়াশিং মেশিনের জন্য প্রস্তুতকৃত ডিটারজেন্ট ব্যবহার করুন। উৎপাদকের নির্দেশনা অনুযায়ী পরিমাণমতো ডিটারজেন্ট ব্যবহার করুন।
২. প্রি-ওয়াশসহ প্রোগ্রামে যে পরিমাণ ডিটারজেন্ট ব্যবহার করবেন তার এক-চতুর্থাংশ ডিটারজেন্ট ড্রয়ারের কমপার্টমেন্ট ১-এ দিন ও অবশিষ্ট ডিটারজেন্ট কমপার্টমেন্ট ২-এ দিন।
৩. ডিটারজেন্ট ড্রয়ারের মিডল কমপার্টমেন্টে সফটনার দিন। ম্যাঞ্চ লেভেল অতিক্রম করবেন না।
৪. ঘন সফটনার ড্রয়ার বন্ধ করে ফেলতে পারে। তাই তা পাতলা করে নিন।
৫. সবগুলো প্রোগ্রামেই তরল ডিটারজেন্ট ব্যবহার করা যাবে। এটি করতে ডিটারজেন্টের ড্রয়ারের কমপার্টমেন্ট ২-এর গাইডে তরল ডিটারজেন্ট লেভেল প্লেট (*) স্লাইড করুন। ড্রয়ারটি প্রয়োজনীয় পরিমাণে পূর্ণ করতে প্লেটের রেখাগুলোকে নির্দেশনা হিসেবে ব্যবহার করুন।

(*) বৈশিষ্ট্যসমূহ ক্রয়কৃত মেশিনের উপর নির্ভর করে ভিন্ন হতে পারে।

৫.৩ মেশিন পরিচালনা করা


১. মেইন সাপ্লাইয়ে মেশিনটির প্লাগ দিন।
২. পানির লাইনটি অন করুন।
৩. মেশিনের ডোর খুলুন।
৪. সমানভাবে মেশিনে কাপড় দিন।
৫. ডোরটি আস্তে লাগান।



৫.৪ প্রোগ্রাম সিলেক্ট করা

আপনার কাপড়ের জন্য সবচেয়ে উপযুক্ত প্রোগ্রামটি সিলেক্ট করতে প্রোগ্রাম সারণিটি ব্যবহার করুন।

৫.৫ সহায়ক ফাংশনসমূহ




প্রোগ্রাম শুরু করার পূর্বে, আপনি ইচ্ছা করলে সহায়ক ফাংশন সিলেক্ট করতে পারবেন।

১. আপনি যে সহায়ক ফাংশনটি সিলেক্ট করতে চান সেই ফাংশনটির বাটন প্রেস করুন।
২. যদি সহায়ক ফাংশনটির প্রতীক ত্রুটাম্বরে প্রজ্ঞালিত থাকে তাহলে নির্বাচিত সহায়ক ফাংশনটি চালু হবে।
৩. যদি সহায়ক ফাংশনটির প্রতীকটি জুলে আবার নিভে এমন হয় তাহলে নির্বাচিত ফাংশনটি চালু হবে না।

ফাংশনটি চালু না হওয়ার কারণ:

- নির্বাচিত ওয়াশিং প্রোগ্রামটির জন্য সহায়ক ফাংশনটি প্রযোজ্য না ও হতে পারে।
- যে ধাপে মেশিনটিতে সহায়ক ফাংশনটি প্রযোজ্য হয় মেশিনটি সেই ধাপ অতিক্রম করে আসতে পারে।
- সহায়ক ফাংশনটি পূর্বে নির্বাচিত সহায়ক ফাংশনের সাথে সামঞ্জস্যপূর্ণ না হতে পারে।


১. Temperature (তাপমাত্রা নির্বাচন)



স্বয়ংক্রিয়ভাবে প্রোগ্রামকৃত ওয়াটার টেম্পারেচার পরিবর্তন করতে ওয়াশিং ওয়াটার টেম্পারেচার অ্যাডজাস্টমেন্ট বাটন ব্যবহার করুন।


যখন আপনি কোনো প্রোগ্রাম নির্বাচন করবেন তখন উক্ত প্রোগ্রামের জন্য সর্বোচ্চ তাপমাত্রা স্বয়ংক্রিয়ভাবে নির্বাচিত হয়ে যায়। তাপমাত্রা অ্যাডজাস্ট করতে ডিজিটাল ডিসপ্লেতে কাঞ্চিত তাপমাত্রা প্রদর্শিত হওয়া পর্যন্ত ওয়াটার টেম্পারেচার অ্যাডজাস্টমেন্ট বাটন প্রেস করুন।

টেম্পারেচার অ্যাডজাস্টমেন্ট বাটন প্রেস করে আপনি নির্বাচিত প্রোগ্রামের এবং কোল্ড ওয়াশিং-এর নির্ধারিত সর্বোচ্চ তাপমাত্রা ক্রমান্বয়ে ওয়াশিং ওয়াটার টেম্পারেচার কমিতে নিতে পারবেন।



আপনার কাঞ্চিত ওয়াশিং ওয়াটার টেম্পারেচার যদি আপনি অতিক্রম করে আসেন তাহলে কাঞ্চিত তাপমাত্রা ডিজিটাল ডিসপ্লেতে প্রদর্শিত হওয়া পর্যন্ত ওয়াটার টেম্পারেচার বাটন প্রেস করতে থাকুন।


২. Spin Speed Selection (স্পিন স্পিড সিলেকশন)



যখন আপনি কোনো প্রোগ্রাম নির্বাচন করেন তখন সেই প্রোগ্রামের জন্য নির্ধারিত স্পিন স্পিড স্বয়ংক্রিয়ভাবে নির্বাচিত হয়ে যায়। সর্বোচ্চ স্পিন স্পিড নির্বাচন করতে, ডিজিটাল ডিসপ্লেতে কাঞ্জিক্ট স্পিন স্পিড প্রদর্শিত হওয়া পর্যন্ত স্পিন স্পিড বাটন প্রেস করতে থাকুন।


যদি আপনি যে স্পিন স্পিডটি নির্বাচন করতে চান সেটি অতিক্রম করে আসেন, তাহলে ডিজিটাল ডিসপ্লেতে পুনরায় কাঞ্জিক্ট স্পিন স্পিড দেখানো পর্যন্ত স্পিন স্পিড অ্যাডজাস্টমেন্ট বাটনটি প্রেস করতে থাকুন।

৩. Delay Timer (ডিলে টাইমার)




১. Delay বাটনটি একবার প্রেস করুন।
২. "1 h" ডিসপ্লেতে প্রদর্শিত হবে।
৩. (C) এই প্রতীকটি ইলেক্ট্রনিক ডিসপ্লেতে প্রজ্ঞালিত হবে।
৪. আপনি যে Delay টাইম সেট করতে চান যদি সেটি অতিক্রম করে আসেন, তাহলে ডিজিটাল ডিসপ্লেতে পুনরায় কাঞ্জিক্ট Delay টাইম দেখানো পর্যন্ত Delay বাটনটি প্রেস করতে থাকুন।
৫. Delay timer ফাংশন কার্যকর করতে আপনাকে অবশ্যই Start/Pause বাটন প্রেস করতে হবে।
৬. Delay time কার্যকর করতে Start/Pause বাটন প্রেস করুন।
৭. Delay time একবার সেট করার পরে তা যদি বাতিল করার প্রয়োজন হয় তাহলে Delay বাটনটি বারবার প্রেস করুন। (C) এই প্রতীকটি ইলেক্ট্রনিক ডিসপ্লেতে আর প্রজ্ঞালিত থাকবে না।
৮. Delay timer ফাংশন চলমান থাকা অবস্থায় ওয়াশিং মেশিনে কাপড়ের পরিমাণ বাড়তে অথবা কমাতে হলে অবশ্যই Start/Pause বাটন প্রেস করতে হবে। কাপড় বাড়ানো অথবা কমানোর পরে আপনাকে আবারো Start/Pause বাটন প্রেস করে Delay timer ফাংশন কার্যকর করতে হবে।

৪. অ্যান্টিঅ্যালার্জিক



এই অতিরিক্ত ফাংশনটি ব্যবহার করে আপনি আপনার কাপড়ে একটি অতিরিক্ত ওয়াশিং ফাংশন যোগ করতে পারবেন। মেশিনটি কাপড় ধোয়ার সকল ধাপগুলো গরম পানি দিয়ে সম্পন্ন করবে। আমরা সুপারিশ করি কোমল কাপড়, বাচাদের কাপড় এবং অস্তর্বাস ধোয়ার ক্ষেত্রে এই সেটিং ব্যবহার করতে। এই ফাংশনটি নির্বাচন করতে যখন এই প্রতীকটি ডিসপ্লেতে প্রদর্শিত হবে তখন Antiallergic বাটনটি প্রেস করুন।


৫. চাইল্ড লক



চাইল্ড লক ফাংশনটি অন্যান্য ফাংশন বাটনগুলো লক করে রাখার সুবিধা প্রদান করে যাতে অনিচ্ছাকৃতভাবে ওয়াশ চক্র পরিবর্তন না হয়। চাইল্ড লক অ্যাস্টিভেট করতে ৩ ও ৪ নং বাটন একত্রে প্রেস করে কমপক্ষে ৩ সেকেন্ড ধরে রাখতে হবে। চাইল্ড লক অ্যাস্টিভেট হলে ইলেক্ট্রনিক ডিসপ্লেতে “CL” লেখাটি ২ সেকেন্ডের জন্য ঝুলতে থাকবে। চাইল্ড লক অ্যাস্টিভেট থাকাকালীন যদি কোনো বাটনে প্রেস করা হয় অথবা নির্বাচিত প্রোগ্রামটিতে কোনো পরিবর্তন আনা হয় তাহলে ইলেক্ট্রনিক ডিসপ্লেতে “CL” প্রতীকটি ২ সেকেন্ডের জন্য ঝুলতে থাকবে। কোনো প্রোগ্রাম চলমান থাকা অবস্থায় যদি চাইল্ড লক অ্যাস্টিভেট করা হয় এবং প্রোগ্রাম ডায়াল ঘূরিয়ে CANCEL পজিশনে নেয়া হয় ও আরেকটি প্রোগ্রাম নির্বাচন করা হয় তাহলে পূর্বে নির্বাচিত প্রোগ্রামটি যেখানে বন্ধ করা হয়েছিল সেখান থেকেই শুরু হয়।

চাইল্ড লক ডিঅ্যাস্টিভেট করতে ৩ ও ৪ নং বাটন একত্রে প্রেস করে ইলেক্ট্রনিক ডিসপ্লেতে “CL” প্রতীকটি বন্ধ হওয়া পর্যন্ত কমপক্ষে ৩ সেকেন্ড ধরে রাখতে হবে।

৬. Start/Pause বাটন



নির্বাচিত প্রোগ্রামটি শুরু করতে, Start/Pause বাটনটি প্রেস করুন। যদি আপনি স্ট্যান্ডবাই মোডে সুইচ করেন, ইলেক্ট্রনিক ডিসপ্লেতে Start/Pause লাইটটি টিপ টিপ করে জ্বলবে।


৫.৬ প্রোগ্রাম বাতিলকরণ

যে কোনো সময় কোনো চলমান প্রোগ্রাম বাতিল করতে

১. প্রোগ্রাম ডায়ালটি “STOP” পজিশনে নিন।
২. মেশিনটি কাপড় ধোয়া বন্ধ করবে এবং প্রোগ্রাম বাতিল হয়ে যাবে।
৩. মেশিন থেকে পানি নিষ্কাশন করতে প্রোগ্রাম ডায়ালটি অন্য যে কোনো প্রোগ্রামের অবস্থানে নিন।
৪. মেশিনটি প্রয়োজনীয় পানি নিষ্কাশন কার্যক্রম সম্পন্ন করে প্রোগ্রামটি বাতিল করবে।

এবার আপনি নতুন একটি প্রোগ্রাম নির্বাচন ও পরিচালনা করতে পারবেন।

৫.৭ প্রোগ্রাম শেষ করা



নির্বাচিত প্রোগ্রামটি সম্পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে মেশিনটি নিজে থেকেই বন্ধ হয়ে যাবে।

১. ইলেক্ট্রনিক ডিসপ্লেতে “END” লেখাটি প্রজ্ঞালিত হবে।
২. আপনি এ অবস্থায় মেশিনের ডোর খুলে কাপড় বের করতে পারেন।
৩. মেশিনের ডোর খুলে রেখে ভেতরের অংশ শুকাতে দিন।
৪. প্রোগ্রাম ডায়ালটি “STOP” পজিশনে সুইচ করুন।
৫. মেশিনের প্লাগ খুলে ফেলুন।
৬. পানির ট্যাপটি বন্ধ করে দিন।

প্রোথাম পরিচিতি

৬. প্রোথাম টেবিল


| Programme | Washing temperature (°C) | Maximum laundry amount (kg) | Detergent Compartment | Programme Duration (Min.) | Laundry Type/ Description |
|---------------------|--------------------------|-----------------------------|-----------------------|---------------------------|---|
| COTTON | 90° | 7.0 | 2 | 180 | অনেক ময়লা সুতি এবং ফ্ল্যান্স কাপড় (অস্তর্বাস, লিনেন, টেবিলক্রোথ, তোয়ালে (সর্বোচ্চ ৩.৫ কেজি), বেডক্রোথ ইত্যাদি) |
| Pre-wash cotton | 60° | 7.0 | 1&2 | 171 | ময়লা সুতি এবং ফ্ল্যান্স কাপড় (অস্তর্বাস, লিনেন, টেবিলক্রোথ, তোয়ালে (সর্বোচ্চ ৩.৫ কেজি), বেডক্রোথ ইত্যাদি) |
| COTTON | 60° | 7.0 | 2 | 250 | ময়লা সুতি এবং ফ্ল্যান্স কাপড় (অস্তর্বাস, লিনেন, টেবিলক্রোথ, তোয়ালে (সর্বোচ্চ ৩.৫ কেজি), বেডক্রোথ ইত্যাদি) |
| ECO 20°C | 20° | 3.5 | 2 | 96 | অল্প ময়লা সুতি এবং ফ্ল্যান্স কাপড় (অস্তর্বাস, লিনেন, টেবিলক্রোথ, তোয়ালে (সর্বোচ্চ ২ কেজি), বেডক্রোথ ইত্যাদি) |
| EASY CARE | 40° | 3.5 | 2 | 110 | অনেক ময়লা অথবা সিনথেটিক মিল্কড কাপড়। (নাইলনের মোজা, শার্ট, প্লাউজ, সিনথেটিক ট্রাউজার ইত্যাদি) |
| WOOL | 30° | 2.5 | 2 | 42 | মেশিন ওয়াশ লেবেলযুক্ত উলের কাপড় |
| RINSE | - | 7.0 | - | 36 | ওয়াশিং চক্রের পরে যেকোনো প্রকারের কাপড়ের ক্ষেত্রে অতিরিক্ত ধোয়ার সুবিধা |
| ALLERGY SAFE | 60° | 3.5 | 2 | 197 | বাচ্চাদের পোশাক |
| SPINNING | - | 7.0 | - | 15 | ওয়াশিং চক্রের পরে যেকোনো প্রকারের কাপড়ের ক্ষেত্রে অতিরিক্ত ধোয়ার সুবিধা |
| HAND WASH/ DELICATE | 30° | 2.5 | 2 | 90 | হাতে ধোয়া অথবা সূক্ষ্ম কাপড়ের ক্ষেত্রে |
| SPORTS WEAR | 30° | 3.5 | 2 | 80 | স্প্রেসওয়্যার |
| MIX | 30° | 3.5 | 2 | 81 | ময়লা সুতি কাপড়, সিনথেটিক, রঙিন এবং ফ্ল্যান্স কাপড় একত্রে ধোয়া যাবে |
| SHIRTS | 60° | 3.5 | 2 | 114 | ময়লা সুতি কাপড়, সিনথেটিক মিল্কড শার্ট এবং প্লাউজ একত্রে ধোয়া যাবে |
| DAILY 60 min | 60° | 3.0 | 2 | 60 | ময়লা সুতি কাপড়, রঙিন ও লিনেন কাপড় ৬০° সে. তাপমাত্রায় ৬০ মিনিটে ধোয়া যায় |
| (**)RAPID 15 min | 30° | 2.0 | 2 | 15 | অল্প ময়লাযুক্ত সুতি, রঙিন ও লিনেন কাপড় |

নোট: প্রোথামের সময়কাল কাপড়ের পরিমাণ, ট্যাপের পানি, তাপমাত্রা ও নির্বাচিত অতিরিক্ত ফাংশনের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে।

প্রোথাম পরিচিতি

(**) এই প্রোথামে সময় কম হওয়াতে কম ডিটারজেন্ট ব্যবহার করুন। যদি মেশিনটি অসম লোড শনাক্ত করে তাহলে প্রোথামটি ১৫ মিনিটের বেশি সময় ধরে চলতে পারে। ওয়াশিং শেষ হওয়ার ২ মিনিট পরে আপনি মেশিনের ডোর খুলতে পারবেন। (এই ২ মিনিট প্রোথামের সময়ের অন্তর্ভুক্ত নয়।)

রক্ষণাবেক্ষণ




৭.১ সতর্কতা

ওয়াশিং মেশিনটি পরিষ্কার অথবা রক্ষণাবেক্ষণ করার পূর্বে মেইন সুইচ বন্ধ করে সকেট থেকে প্লাগ খুলে ফেলুন। পানির সাপ্লাইটি বন্ধ করে দিন।

ওয়াশিং মেশিনটি পরিষ্কার করতে কোনো দ্রাবক, অমসৃণ পরিষ্কারক, গ্লাস ক্লিনার ব্যবহার করবেন না। সেগুলো থেকে মেশিনের প্লাস্টিক বড়ি ক্ষতিগ্রস্ত হতে পারে।

৭.২ ওয়াটার ইনলেট ফিল্টার

ওয়াটার ইনলেট ফিল্টার মেশিনে ময়লা এবং অন্যান্য বাইরের বস্তু প্রবেশ করতে বাধা দেয়। পানির সাপ্লাই এবং ট্যাপ অন থাকলেও এই ফিল্টারগুলো পরিষ্কার থাকা দরকার। প্রতি দুই মাস অন্তর ফিল্টারগুলো পরিষ্কার করতে হবে।



ওয়াশিং মেশিন থেকে ওয়াটার ইনলেট হোজগুলোর ক্রু খুলে ফেলুন।

ওয়াটার ইনলেট ভাল্ভ থেকে ওয়াটার ইনলেট ফিল্টার খুলে ফেলতে বড় নোজ প্লায়ার ব্যবহার করে ফিল্টারের প্লাস্টিক বারটি সাবধানে টেনে বের করুন।

■ ওয়াটার ইনলেট হোজের শেষ প্রান্তের ট্যাপে দ্বিতীয় ওয়াটার ইনলেট ফিল্টারটি রয়েছে। দ্বিতীয় ওয়াটার ইনলেট ফিল্টার খুলে ফেলতে বড় নোজ প্লায়ার ব্যবহার করে ফিল্টারের প্লাস্টিক বারটি সাবধানে টেনে বের করুন।


■ একটি সফট ব্রাশ ব্যবহার করে সাবান পানি দিয়ে ফিল্টারটি ভালো করে পরিষ্কার করুন। ফিল্টারটি পুনরায় জায়গামতো বসিয়ে দিন।

সতর্কতা: ওয়াটার ইনলেট ভালভের ফিল্টার ময়লা পানি এবং রক্ষণাবেক্ষণের অভাবে আটকে যেতে পারে এবং অচল হয়ে যেতে পারে। এই ধরনের অচলাবস্থায় ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৭.৩ পাম্প ফিল্টার

ওয়াশিং মেশিনের পাম্প ফিল্টার সিস্টেম মেশিনে লিন্ট প্রবেশ করা থেকে বাধা দেয় এবং পাম্পটিকে দীর্ঘদিন সচল রাখতে সহায়তা করে। আমরা সুপারিশ করি যে পাম্প ফিল্টারটি দুই মাস অন্তর পরিষ্কার করতে। পাম্প ফিল্টারটি মেশিনের সামনে নিচের দিকে কোণায় থাকে।

পাম্প ফিল্টারটি পরিষ্কার করতে:



১. পাম্প কভারটি খুলতে মেশিনের সঙ্গে দেওয়া ওয়াশিং পাউডার স্পেড অথবা লিকুইড ডিটারজেন্ট লেভেল প্লেট ব্যবহার করুন।

২. পাউডার স্পেড অথবা লিকুইড ডিটারজেন্ট লেভেল প্লেট দিয়ে কভারের সামনে চাপ দিলে কভারটি খুলে যাবে।

◆ ফিল্টার কভারটি খোলার পূর্বে, ফিল্টার কভারের নিচে একটি পাত্র রেখে দিন যাতে মেশিনে পানি অবশিষ্ট থাকলে তা পাত্রে জমা হয়।


◆ ঘড়ির কাটার বিপরীত দিকে ঘুরিয়ে ফিল্টারটি খুলে ফেলুন। পানি বের হওয়ার জন্য অপেক্ষা করুন।

৩. নরম ব্রাশ দিয়ে ফিল্টারে কোনো বাইরের বর্জ্য থাকলে তা পরিষ্কার করে ফেলতে হবে।

8. পরিষ্কার করার পরে ফিল্টারটি ঘড়ির কাটার দিকে ঘুরিয়ে পুনরায় সেট করে নিন।
 5. পাস্প কভার লাগানোর সময় নিশ্চিত করতে হবে যেন সেটি সঠিকভাবে লাগানো হয়েছে।
 6. ফিল্টার কভারটি বন্ধ করে দিন।
- সতর্কতা :** পাস্পের পানি গরম হতে পারে। পরিষ্কার করার সময় পানি ঠাণ্ডা হওয়া পর্যন্ত অপেক্ষা করুন।
- (*) ক্রয়কৃত মেশিনের উপর নির্ভর করে।

৭.৪ ডিটারজেন্ট ড্রয়ার

দীর্ঘদিন ব্যবহারের ফলে ডিটারজেন্ট ড্রয়ারে ডিটারজেন্টের অবশিষ্টাংশ জমে থাকতে পারে। তাই প্রতি দুই মাস অন্তর ডিটারজেন্ট ড্রয়ার থেকে ডিটারজেন্টের অবশিষ্টাংশ পরিষ্কার করুন।




ডিটারজেন্ট ড্রয়ারটি খুলতে হলে:


- ড্রয়ারটি টেনে সম্পূর্ণ সামনের দিকে নিয়ে আসুন।
- আন্তে নিচের দিকে চাপ দিয়ে ড্রয়ারটি বের করুন।
- নরম ব্রাশ ও পানি দিয়ে ড্রয়ারটি থেকে ডিটারজেন্টের অবশিষ্টাংশ পরিষ্কার করুন।
- ড্রয়ারটি ভালো করে শুকিয়ে নিন এবং পুনরায় মেশিনে লাগিয়ে দিন।

ডিটারজেন্ট ড্রয়ারটি ডিশওয়াশারে পরিষ্কার করবেন না।

৮. ফ্লাশ স্টপার/ বডি/ ড্রাম



১. ডিটারজেন্ট ড্রয়ারটি খুলে ফেলুন ও ফ্লাশ স্টপারটি আলাদা করুন। অবশিষ্ট সফটনার যেন না থাকে তার জন্য ভালোভাবে পরিষ্কার করুন। পরিষ্কার করার পরে ফ্লাশ স্টপারটি আবার সঠিকভাবে সেট করুন।



২. বডি

নরম ও খসখসে নয় এমন কিছু অথবা সাধারণ ও পানি দিয়ে এক্সট্রার্নাল কেসিংটি পরিষ্কার করতে হবে। এরপর নরম শুকনো কাপড় দিয়ে তা মুছে ফেলতে হবে।

৩. ড্রাম

মেশিনে কোনো ধাতব বস্তু যেমন; সুই, পেপার ক্লিপ, কয়েন ইত্যাদি যেন না থেকে যায় সেদিকে খেয়াল রাখতে হবে। এই ধাতব বস্তুগুলো মরিচার সৃষ্টি করে। মরিচা পরিষ্কার করতে, নন-ক্লোরাইন ক্লিনিং এজেন্ট ম্যানুফ্যাকচারের নির্দেশনা মোতাবেক ব্যবহার করুন। কখনোই তার দ্বারা তৈরি কোনো কিছু দিয়ে মরিচা পরিষ্কার করা যাবে না।

সমস্যা সমাধান

ট্রাবলশুটিং

মেশিনটির মেরামতের কাজ কোনো অনুমোদিত সার্ভিস কোম্পানি দ্বারা করাতে হবে। যদি মেশিনটির মেরামত করা প্রয়োজন হয় এবং আপনি নিচে প্রদত্ত তথ্যগুলো দ্বারা সমস্যার সমাধান না করতে পারেন, তাহলে:

- মেশিনের প্লাগাটি খুলে ফেলুন।
- ওয়াটার সাপ্লাই বন্ধ করে দিন।

সমস্যা সমাধান

| সমস্যা | সম্ভাব্য কারণ | সম্ভাব্য সমাধান |
|---|---|---|
| মেশিন স্টার্ট না হওয়া | প্লাগ ইন করা না | প্লাগ ইন করুন |
| | সমস্যাগ্রস্ত ফিউজ | ফিউজ পরিবর্তন করুন |
| | মেইন সাপ্লাইর ইলেক্ট্রিসিটি নেই | মেইন সাপ্লাই পরীক্ষা করুন |
| | START/PAUSE বাটন প্রেস করা হয় নি | START/PAUSE বাটন প্রেস করুন |
| | প্রোগ্রাম ডায়াল Stop পজিশনে | কাঞ্জিত পজিশনে প্রোগ্রাম ডায়াল রাখুন |
| মেশিনের ডের ঠিকমতো বন্ধ করা হয়েনি | মেশিনের ডের ঠিকমতো বন্ধ করা হয়েনি | মেশিনের ডের ঠিকমতো বন্ধ করুন |
| | পানির ট্যাপ বন্ধ | পানির ট্যাপ অন করুন |
| | ওয়াটার ইনলেট হোজটি পেঁচিয়ে থাকতে পারে | ওয়াটার ইনলেট হোজটি পরীক্ষা করুন। প্র্যাচ নেগে থাকলে তা ছাড়িয়ে দিন |
| | ওয়াটার ইনলেট হোজটি আটকে থাকতে পারে | ওয়াটার ইনলেট হোজটি ফিল্ট্রারটি পরিষ্কার করুন |
| | ইনলেট ফিল্ট্রার আটকে যেতে পারে | ইনলেট ফিল্ট্রারটি পরিষ্কার করুন |
| মেশিন পানি প্রবাহ নেই | মেশিনের ডের ঠিকমতো বন্ধ করা হয়েনি | মেশিনের ডের ভালোভাবে বন্ধ করুন |
| | ড্রেইন হোজটি আটকে থাকতে পারে | ড্রেইন হোজটি পরিষ্কার করুন অথবা প্যাচ ছাড়িয়ে দিন |
| | পান্স ফিল্ট্রারটি আটকে থাকতে পারে | পান্স ফিল্ট্রারটি পরিষ্কার করুন |
| | ড্রামে কাপড় অত্যধিকভাবে জড়েসড়ে করে দেয়া | ড্রামে কাপড় সমতাবে দিন |
| | মেশিনের পায়াগুলো অ্যাডজাস্ট করা হয়েনি | মেশিনের পায়াগুলো অ্যাডজাস্ট করুন |
| মেশিনটি কেঁপে উঠে | বহুন করার জন্য প্রদত্ত ট্রানজিট বেল্টগুলো খুলে ফেলা হয়েনি | প্রদত্ত ট্রানজিট বেল্টগুলো খুলে ফেলুন |
| | ড্রামে অঞ্চ কাপড় দেওয়ার ফলে | এর ফলে মেশিনের কাজে সমস্যা হবে না। |
| | মেশিনটি কাপড় ওভারলোডে অথবা কাপড় সমানভাবে সমানভাবে দেওয়া হয়েনি | ড্রাম ওভারলোড করবেন না। ড্রামে কাপড় সমানভাবে দিন। |
| | মেশিনটি শক্ত তলে স্থাপিত | মেশিনটি শক্ত তলে স্থাপন করবেন না |
| | মাত্রাত্তিক ডিটারজেন্ট ব্যবহার করা হতে পারে | START/PAUSE বাটন প্রেস করুন। ফেনা তেরি বন্ধ করতে এক টেবিল চামচ সফটব্যার .৫লি পানিতে মিশিয়ে ডিটারজেন্ট ড্রায়ারে ঢেলে দিন। ৫-১০ মিনিট পরে START/PAUSE বাটন প্রেস করুন। |
| ডিটারজেন্ট ড্রায়ারে অতিরিক্ত ফেনা তেরি হয় | ভুল ডিটারজেন্ট ব্যবহার করা হতে পারে | শুধুমাত্র অতিরিক্ত ওয়াশিং মেশিনের জন্য প্রযোজন অস্তিত্বকৃত ডিটারজেন্ট ব্যবহার করুন |
| | নির্বাচিত প্রোগ্রাম অপেক্ষা কাপড় অত্যধিক ময়লা | সঠিক প্রোগ্রামটি নির্বাচন করতে প্রোগ্রাম টেবিলের তথ্য ব্যবহার করুন |
| | অপর্যাপ্ত ডিটারজেন্ট | প্যাকেজিং-এ দেওয়া প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ডিটারজেন্ট ব্যবহার করুন |
| | মেশিনে মাত্রাত্তিক কাপড় দেওয়া হয়েছে | নির্বাচিত প্রোগ্রামের জন্য প্রযোজন অতিরিক্ত কাপড় ড্রামে দিবেন না। |
| | ওয়াটার ড্রেইনের হেজের প্রাস্তি অনেক নিচু করে স্থাপন করা | ড্রেইন হোজটি উপর্যুক্ত উচ্চতায় স্থাপন করুন |
| অপ্রত্যাশিত ওয়াশিং রেজাল্ট | ওয়াশিং-এর সময় ড্রামে পানি পরিলক্ষিত হয় না | এটি কোনো সমস্যা নয়। বোয়ার সময় ড্রামে পানি দেখা যাবে না। |
| | কাপড়ে ডিটারজেন্টের অবশিষ্টাংশ লেগে থাকা | কিছু ডিটারজেন্টের অবশিষ্টাংশ উপাদান কাপড়ে দেখা যেতে পারে |
| | কাপড়ে ধূসর দাগ প্রতীয়মান হওয়া | কাপড়ে তেল, ত্রিম অথবা অয়েটিমেন্ট লেগে থাকতে পারে |
| | স্পিন চক্র ঘটেনি অথবা বিলম্ব ঘটেছে | সমস্যা নেই। আনব্যালাসড লোড কন্ট্রোল সিস্টেম চালু আছে |
| | সমস্যা নেই। আনব্যালাসড লোড কন্ট্রোল সিস্টেম চালু আছে | আনব্যালাসড লোড কন্ট্রোল সিস্টেম আপনার কাপড়কে ছাড়িয়ে দেওয়ার চেষ্টা করবে। কাপড় ছাড়িয়ে দেওয়া হলেই স্পিনিং চক্র ঝর হবে। পরবর্তী ওয়াশের জন্য ড্রামটি সমতাবে লোড করুন। |

১০. স্বয়ংক্রিয় ক্রটি সতর্কীকরণ এবং করণীয়

ওয়াশিং মেশিনটিতে রয়েছে বিল্ট-ইন ফল্ট ডিটেকশন সিস্টেম যা ফ্লাশিং লাইট দ্বারা নির্দেশিত হয়। সাধারণ সমস্যার কোডসমূহ নিচে উল্লেখ করা হলো:

| ট্রাবল কোড | সম্ভাব্য ক্রটি | করণীয় |
|------------|--|--|
| E01 | মেশিনের ডোরাটি যথাযথভাবে বন্ধ হয়নি | ডোরাটি সঠিকভাবে বন্ধ করুন। যদি মেশিনটি এরপরও ক্রটি প্রদর্শন করে তাহলে, মেশিনটি আনপ্লাগ করুন এবং নিকটবর্তী অনুমোদিত সার্ভিস প্রতিনিধির সঙ্গে দ্রুত যোগাযোগ করুন। |
| E02 | মেশিনের ভেতরের পানির চাপ অথবা পানির লেভেল কম | পরীক্ষা করুন যে ট্যাপপটি সম্পূর্ণ অন কিনা। পানির লাইন বক্স থাকতে পারে। সমস্যা এরপরও থাকলে কিছুক্ষণের মধ্যে মেশিনটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। মেশিনটি আনপ্লাগ করে পানির লাইন বন্ধ করুন এবং নিকটবর্তী অনুমোদিত সার্ভিস প্রতিনিধির সঙ্গে দ্রুত যোগাযোগ করুন। |
| E03 | ত্রুটিপূর্ণ পাম্প অথবা ফিল্টারটি ময়লা পানিতে আটকে আছে অথবা পাম্পের ইলেক্ট্রিক লাইন ক্রটিপূর্ণ | পাম্প ফিল্টারটি পরিষ্কার করুন। এরপরও সমস্যা থেকে গেলে নিকটবর্তী অনুমোদিত সার্ভিস প্রতিনিধির সঙ্গে দ্রুত যোগাযোগ করুন। |
| E04 | মেশিনে মাত্রাতিরিক্ত পানি | মেশিনটি নিজে থেকেই পানি নিষ্কাশন করবে। পানি নিষ্কাশন হয়ে গেলে মেশিনটি বন্ধ করে আনপ্লাগ করুন। ট্যাপ বন্ধ করুন এবং নিকটবর্তী অনুমোদিত সার্ভিস প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করুন। |

ওয়ারেন্টির শর্তসমূহ

- ওয়ারেন্টি কার্ড ও প্রোডাক্টের সিরিয়াল নম্বর ভিন্ন হলে, প্রোডাক্টের সিরিয়াল নম্বর ইচ্ছাকৃতভাবে নষ্ট করে ফেললে/বিকৃত করা হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- গ্রাহকের পণ্যটি কোনো রকম ট্যাপ খাওয়া, স্ক্রাচ, এসি কর্ড/সকেট পুড়ে গেলে রিপ্লেসমেন্ট দেওয়া হবে না। সেক্ষেত্রে সার্ভিসের নীতিমালা অনুযায়ী সার্ভিস দেওয়া হবে।
- প্রাকৃতিক দুর্ঘটনা (বন্যা, ভূমিকম্প, বজ্রগাত ইত্যাদি), ইলেক্ট্রিক ত্রাণি, অননুমোদিত ব্যক্তি দ্বারা মেরামত করা হলে, অবহেলা/দুর্ঘটনাবশত বাহ্যিক ক্ষতি সাধিত হলে এবং লিকুইড ড্যামেজ হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।
- এই ওয়ারেন্টি কার্ডটি শুধুমাত্র উৎপাদনগত ত্রাণি এবং যদি এটি ওয়াশিং মেশিনের ব্যবহারবিধি অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা হয় তবেই প্রযোজ্য। পণ্য ক্রয়ের তারিখ হতে ওয়ারেন্টি কার্যকর করা হবে।
- এই ওয়াশিং মেশিনটি গৃহস্থালি কাজের জন্য। বাণিজ্যিক ব্যবহারের (বার্ষিক ২২০ সাইকেলের বেশি) সব ধরনের ওয়ারেন্টি বাতিল হবে। ওয়াশিং মেশিনটি গৃহস্থালি ব্যতীত অন্য কোথাও (পাবলিক ট্যালেট, লজিং হাউজ, ডরমিটরি, লন্ড্রি শপ, হাসপাতাল ইত্যাদি) ইনস্টল করা হলে এর রিপেয়ার কাজ বা ত্রাণিপূর্ণ যত্নাংশ পরিবর্তনের জন্য প্রয়োজনীয় পরিবহণ খরচ ক্রেতা নিজে বহন করবেন।
- সৌন্দর্যবর্ধক প্লাস্টিক/ কাচের তৈরি/ পাইপিং/ কনজিউমএবল এমন যত্নাংশ বা উপকরণ ওয়ারেন্টির আওতাযুক্ত।
- কিছু প্রোডাক্টের ক্ষেত্রে নিয়মিত রক্ষণাবেক্ষণ এবং পরিষ্কারকরণ জরুরি। ওয়ারেন্টির আওয়াভুক্ত না হলে কিছু রক্ষণাবেক্ষণ (ইউজার ম্যানুয়াল অনুসারে) সংক্রান্ত কাজ মূল্য পরিশোধ সাপেক্ষ।
- ইঁদুর, পিপড়া, তেলাপোকা অথবা অন্যান্য প্রাণী বা কীটপতঙ্গের দ্বারা সৃষ্টি ক্ষতির ক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য নয়।
- গৃহস্থালির ওয়্যারিং জনিত ঘটনা ইঁদুর দ্বারা ওয়্যারিং হারনেস কেটে ফেলা, মেশিনে কয়েন বা বাইরের কোনো কিছুর উপস্থিতি, ময়লা-আবর্জনা দ্বারা আটকে যাওয়া এ জাতীয় সমস্যা থেকে সৃষ্টি ক্ষতির ক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য নয়।

ওয়ালচিন

ওয়ারেন্টি কার্ড

| ওয়ারেন্টি কাঠামো | | | |
|---------------------|-----------------|----------------------|--------------------|
| মেইন পার্টস (মোটরস) | স্পেয়ার পার্টস | বিক্রয় পরবর্তী সেবা | হোম সার্ভিস |
| ৫ বছর | ১ বছর | ২ বছর | ১ বছর ফ্রি সার্ভিস |

| | | |
|--------------------|---|---------|
| গ্রাহকের নাম | : | |
| ঠিকানা | : | |
| টেলিফোন/মোবাইল ফোন | : | ই-মেইল: |

| বিক্রয়ের তারিখ | | |
|-----------------|-----|-----|
| দিন | মাস | বছর |
| | | |

বারকোড নম্বর

পরিবেশক/বিক্রেতা :

ক্রেতার স্বাক্ষর

পরিবেশক/বিক্রেতার সিল এবং স্বাক্ষর

| | |
|-----------------------------------|--|
| রিপ্লেসমেন্টের ক্ষেত্রে থ্রয়োজ্য | |
|-----------------------------------|--|

| |
|------------------------|
| রিপ্লেসমেন্টের তারিখ : |
|------------------------|

দ্রষ্টব্য: অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে। এই ওয়ারেন্টি দুর্ঘটনা, বৈদ্যুতিক ছাটি, প্রাকৃতিক দুর্ঘটন বা অবহেলার কারণে কোনো ক্ষতির জন্য প্রযোজ্য হবে না এবং কর্তৃপক্ষ কোনো নেটিশ ছাড়াই ওয়ারেন্টির মেয়াদ পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা বাতিল করার ক্ষমতা রাখেন। এই ওয়াশিং মেশিনটি গৃহস্থিতি কাজের জন্য। বাণিজ্যিক ব্যবহারে (বার্ষিক ২২০ সাইকেলের বেশি) সব ধরনের ওয়ারেন্টি বাতিল হবে।

| | | |
|--------------------|---|------------------|
| গ্রাহকের নাম | : | |
| ঠিকানা | : | |
| টেলিফোন/মোবাইল ফোন | : | বিক্রয়ের তারিখ: |

| | | |
|------------------------|--|--|
| রিপ্লেসমেন্টের তারিখ : | | রিপ্লেসমেন্টকৃত প্রোডাক্ট বারকোড নম্বর |
|------------------------|--|--|

স্টেচ
চুক্তি

ନୋଟ





ISO 9001: 2015, ISO 14001: 2015 &
ISO 45001: 2018 Certified Company

সকলের জন্য উন্নত বিক্রয়োত্তর গ্রাহকসেবা নিশ্চিত করার লক্ষ্য
ঠিকানা ও অন্যান্য তথ্য পরিবর্তন হতে পারে।

কাস্টমার সার্ভিস ম্যানেজমেন্ট (কর্পোরেট অফিস)

প্লট-১০৮৮, ব্লক-আই, সাবরিনা সোবহান ৫ম এভিনিউ, বসুন্ধরা, ঢাকা-১২২৯

যেকোনো সার্ভিস/তথ্যের জন্য যোগাযোগ করুন: হেল্পলাইন-১৬২৬৭, ০৯৬১২৩১৬২৬৭ (চার্জ প্রযোজ্য)
০৮০০০১৬২৬৭ (টেল ফি), সকাল ৭টা থেকে রাত ১১টা পর্যন্ত, ই-মেইল: support@waltonbd.com
